তারিখ 31 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

শ্যামগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়

# সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষককে পুনর্বহালের দাবিতে ছাত্রদের একাংশের আন্দোলন

**পূর্বধলা প্রতিনিধি :** দুর্নীতির অভিযোগে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষককে পুনর্বহালের দাবিতে গৌরীপুর উপজেলার শ্যামগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্রদের একটি অংশ গত শনিবার ক্লাস বর্জনসহ এসএসসি টেস্ট পরীক্ষা দিতে আসা পরীক্ষার্থীদের বাধা প্রদান এবং স্কুলের চেয়ার টেবিল ভাঙচুর করে।

গত ২৩ অক্টোবর বিদ্যালয়ের কতিপয় ছাত্র দুর্নীতির দায়ে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষককে বিদ্যালয়ে পুনর্বহাল করার দাবি জানিয়ে বিদ্যালয় কর্তৃপক্ষকে তিন দিনের আলটিমেটাম দেয়। তিনদিনের আলটিমেটাম শেষে ছাত্রদের একটি অংশ গত শনিবার ক্লাস বর্জন ও বিদ্যালয়ে ভাঙচুর করে। তারা বরখাস্তকৃত প্রধান শিক্ষককে পুনর্বহালসহ ছয়টি দাবি সংবলিত একটি স্মারকলিপি গৌরীপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে প্রদান করে। ঘটনার পরিপ্রেক্ষিতে রোববার টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

জানা যায়, দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু হাছান আজাদকে কয়েক বছর আগে বিদ্যালয় কর্তৃপক্ষ সাময়িক বরখাস্ত করে। এ ব্যাপারে প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরোর দায়ের করা একটি মামলা তদন্তাধীন রয়েছে। বরখাস্তকৃত প্রধান শিক্ষকের সহযোগী একটি মহল দুর্নীতি দমন বিভাগের মামলাটি ধামা চাপা দেওয়ার চেষ্টা করছে। তারা এ কাজে বিদ্যালয়ের কোমলমতি ছাত্রছাত্রীদের একটি অংশকে হাতিয়ার হিসেবে ব্যবহারের চেষ্টা করছে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করছেন এলাকাবাসী।